# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৯৪৭১/ঝালকাঠী-৫১/২৭২ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন জীবনদাসকাঠী এন. এ. এস দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম ও দূর্নীতি হয়েছে মর্মে জনাব মোঃ ইলিয়াস হাওলাদার অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

০১.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmcb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৯৪৭১/ঝালকাঠী-৫১/ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঝালকাঠী;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজাপুর, ঝালকাঠী;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জীবনদাসকাঠী এন. এ. এস দাখিল মাদ্রাসা, ডাকঘর-জীবনদাস কাঠী, রাজাপুর, ঝালকাঠী;
৫. জনাব মোঃ ইলিয়াস হাওলাদার (অভিযোগকারী), সাং-জীবনদাস কাঠী, রাজাপুর, ঝালকাঠী;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০১.১২.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmcb.gov.bd

বরাবর,

চেয়ারম্যান মহোদয়
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

বিষয়ঃ ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন জীবনদাসকাঠী এন এ এস দাখিল মাদরাসা (১০১৯৪৭) এর নবগঠিত ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম ও দূর্নীতি হওয়ার কারনে সভাপতির বিরুদ্ধে অভিযোগ প্রসংগে।

মহাত্মন,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ ইলিয়াস হাওলাদার, পিতা মোঃ শামসুল আলম, গ্রামঃ জীবনদাসকাঠী, ডাকঘরঃ জীবনদাসকাঠী, উপজেলাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠি এই মর্মে অভিযোগ প্রদান করছি যে, উপরোল্লিখ মাদরাসায় বিগত ২৯/১০/২০২৫ইং তারিখ ম্যানেজিং কমিটির কার্যক্রম সম্পন্ন করিয়া আপনার বরাবরে প্রেরণ করা হয়েছে। যাহা সম্পূর্ণ পকেট কমিটি। নিম্নে অনিয়ম ও দূর্নীতি চিত্র তুলে ধরা হলো-

০১। বর্তমান ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ আলতাব হোসেন ম্যানেজিং কমিটি গঠন সম্পর্কে এলকার ছাত্র/ছাত্রী অভিভাবক ভোটারদের সাথে কোনো প্রকার যোগাযোগ করে নাই। অত্র মাদরাসায় কখনও মিটিং করা হয় না। ভারপ্রাপ্ত সুপার সাহেব রেজুলেশন খাতায় বাড়ি বাড়ি গিয়ে স্বাক্ষর নিয়ে আসে।

০২। অত্র মাদরাসায় ১০ জনেরও বেশি দাতা সদস্য রহিয়াছে কিন্তু দু:খের বিষয় ভারপ্রাপ্ত সুপার সাহেব নিজের ইচ্ছামত যাদের ক্ষমতায় সে ক্ষমতবান হইতে পারবে এমন একজনকে দাতা সদস্য হিসেবে মনোনয়ন করেছেন। যাহা আমি এবং এলকাবাসি কেহই অবগত নই।

০৩। ম্যানেজিং কমিটির সভাপতি গঠনের দিন আমাকে উক্ত মাদরাসায় মোবাইল যোগে ভারপ্রাপ্ত সুপার সাহেব মাদরাসার অফিস কক্ষে নিয়ে আসে। কিন্তু কোনো আলাপ আলোচনা না করিয়াই আমাকে ভুল বুঝাই রেজুলেশন খাতায় স্বাক্ষর নেয়।

০৪। কিছুদিন পূর্বে আমরা এলাকাবাসি বর্তমান ভারপ্রাপ্ত সুপার সাহেব এর নিকট ম্যানেজিং ভোটার তালিকা দেখতে চাইলে, তিনি দেখাইতে অনিহা প্রকাশ করে এবং তিনি আমাদেরকে জানান ভোটার তালিকা বাহিরের কাউকে দেখানোর জন্য নহে। এটা আমার প্রতিষ্ঠানের অভ্যন্তরীন বিষয়।

০৫। ভোটার তালিকায় অধ্যায়নরত শিক্ষার্থী ছাড়াও অন্য প্রতিষ্ঠানে অধ্যায়নরত শিক্ষার্থীদের অভিভাবকদের ভুয়া ভোটারসহ তালিকা প্রস্তুত করা হইয়াছে।

সেমতে প্রার্থনা এই যে, উপরোক্ত বিষয়গুলি সদয় বিবেচনা পূর্বক কার্যকরি ব্যবস্থা গ্রহনে জনাবে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

তারিখঃ ০৬/১১/২০২৫ইং।

মো: ইলিয়াস

এলকাবাসির পক্ষে
(মোঃ ইলিয়াস হাওলাদার)
মোবাইল নং ০১৭১২-৮৬৩০৩১